



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১৫.৯৩.০০১.১৭.৮৫

তারিখ: ২০.১০.২০১৮

বিষয়: মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয়করণে নিয়মিত 'এমএমসি অ্যাপ ও ড্যাশবোর্ড' ব্যবহার সংক্রান্ত নির্দেশনা এবং ই-লার্নিং কোর্সে অংশগ্রহণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি।

- মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে নিবন্ধন ও তথ্য হালনাগাদকরণ: মাল্টিমিডিয়া ক্লাসরুমসমূহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে 'মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেম' ওয়েবসাইটে (<http://mmcm.gov.bd/>) নিবন্ধন করে উপজেলা বা জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে মাল্টিমিডিয়া সরঞ্জামসমূহের তথ্য হালনাগাদ করতে হবে।
- মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং অ্যাপ ব্যবহার: নিবন্ধিত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের ব্যবহার নিশ্চিত করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাসরুমের ১০০% ব্যবহার নিশ্চিত করতে প্রতিটি প্রতিষ্ঠানকে প্রতিটি মাল্টিমিডিয়া ক্লাসের জন্য প্রতিদিন কমপক্ষে ২টি মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে এবং 'এমএমসি মনিটরিং অ্যাপ'-এর মাধ্যমে এই সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- প্রতিবেদনের ছবি তোলার নির্দেশনা: অ্যাপ ব্যবহার করে ছবি তোলার ক্ষেত্রে অবশ্যই চলমান মাল্টিমিডিয়া ক্লাসের ছবি তুলতে হবে। ছবিতে অবশ্যই কন্টেন্টসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর স্ক্রিন বা ল্যাপটপ এবং শিক্ষার্থীদের উপস্থিতি দৃশ্যমান থাকতে হবে, নতুবা প্রতিবেদন গ্রহণযোগ্য হবে না। অগ্রহণযোগ্য ছবি পাঠানো হলে তার জন্য প্রেরণকারী শিক্ষক বা কর্মকর্তা দায়বদ্ধ থাকবেন এবং প্রয়োজনে কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন।
- শ্রেণি কার্যক্রমের গুণগত মূল্যায়ন: উপজেলা ও জেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাবৃন্দকে প্রতিষ্ঠান পরিদর্শনের সময়ে এমএমসি অ্যাপের মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাসের অবস্থা ও শ্রেণি কার্যক্রমের গুণগত মূল্যায়ন করতে পারবেন।
- এমএমসি ড্যাশ বোর্ডের মাধ্যমে মেন্টরিং: এমএমসি মনিটরিং ড্যাশবোর্ড (<http://mmcm.gov.bd/>) ব্যবহার করে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে সকল উপজেলা শিক্ষা অফিসারগণ নিজেদের অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং করবেন এবং কোন সমস্যা হলে সরাসরি প্রধান শিক্ষকের সাথে যোগাযোগের মাধ্যমে শতভাগ প্রতিষ্ঠানের প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন।
- ইলার্নিং কোর্সে অংশগ্রহণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি: ই-লার্নিং প্ল্যাটফর্ম- মুক্তপাঠে শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য 'মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং ও মেন্টরিং' বিষয়ক একটি অনলাইন কোর্স চালু করা হয়েছে। সকল শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের এই ওয়েবসাইটে নিবন্ধন ও কোর্সে অংশগ্রহণ করার মাধ্যমে নিজেদের দক্ষতার উন্নয়ন নিশ্চিত করতে হবে। বিশেষ করে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ এই লিংক (<http://www.muktopaath.gov.bd/login/goToHomePage?isShowCourse=true#/elM2Portal/showAllCourse?tabId=২>) ব্যবহার করে "মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং এন্ড মেন্টরিং (মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের জন্য)" শীর্ষক কোর্সে অংশগ্রহণ করে নিজেদের সক্ষমতা বৃদ্ধি করে কার্যকর মনিটরিং মেন্টরিং-এ ভূমিকা রাখতে হবে।
- এ সংক্রান্ত কোন সমস্যা হলে এমএমসি হেল্প ডেস্ক, ফোন: ০১৭৪২০২৪৩৮৬
ইমেইল: mmcsupport@softbdtd.com তে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর মোহাম্মদ শামসুল হুদা)
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা


- ১। পরিচালক, আঞ্চলিক অফিস (সকল)
- ২। অধ্যক্ষ (সকল সরকারি/বেসরকারি)
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
- ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
- ৫। প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক (সকল)

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১১৫.৯৩.০০১.১৭. ৮০

তারিখ: ২০.১০.১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৫। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৮। অফিস কপি।



(প্রফেসর ড. মো: সেলিম মিয়া)

পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা